**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 5/17/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

# গভর্নর কুওমো রেডিও সিটি মিউজিক হল ১০০% ক্ষমতাতে পুনরায় খোলার জন্য পুনরায় কল্পনা করা ট্রিবেকা উৎসবের ঘোষণা করেছেন শনিবার, 19 জুন উৎসবের সমাপ্তি রাতের জন্য

***COVID-19 মহামারীর পর ট্রিবেকা ফেস্টিভ্যাল উত্তর আমেরিকায় প্রথম সশরীরে উপস্থিত হওয়ার ফিল্ম ফেস্টিভ্যাল হবে***

***ঐতিহাসিক রেডিও সিটি মিউজিক হল সম্পূর্ণ টিকাপ্রাপ্ত শ্রোতাদের সাথে ল্যান্ডমার্ক ইভেন্টের জন্য 100% ধারণ ক্ষমতায় হোস্ট করবে***

***পুনরায় কল্পনা করা ফেস্টিভ্যালে নতুন আউটডোর ফিল্ম স্ক্রিনিং, অনলাইন ফেস্টিভ্যাল প্রোগ্রামিং এবং বরো-টু-বরো প্রোগ্রাম গুলি দেখানো হবে***

***ট্রিবেকা ফেস্টিভ্যাল আউটডোর স্ক্রিনিং ভেন্যু এবং বরো-টু-বরো অবস্থানের মানচিত্র এখানে উপলব্ধ***

গভর্নর অ্যান্ড্রু এম কুওমো আজ ঘোষণা করেছেন যে রেডিও সিটি মিউজিক হল (Radio City Music Hall) এক বছরেরও বেশি সময় পরে প্রথমবারের মতো তার দরজা খুলবে শনিবার, 19 জুন ট্রিবেকা ফেস্টিভ্যালের শেষের রাতের চলচিত্রের আয়োজন করার জন্য। এই অনুষ্ঠানের জন্য, রেডিও সিটি মিউজিক হল সম্পূর্ণ টিকা দেওয়া শ্রোতাদের সাথে 100% ধারণ ক্ষমতাতে কাজ করবে। ল্যান্ডমার্ক ইভেন্ট এবং সমাপ্তির রাতের জন্য স্ক্রিনিং সম্পর্কে অতিরিক্ত বিবরণ শীঘ্রই ঘোষণা করা হবে।

COVID-19 মহামারী শুরু হওয়ার পর ট্রিবেকা ফেস্টিভ্যাল উত্তর আমেরিকায় আয়োজিত প্রথম সশরীরে উপস্থিত হওয়া চলচ্চিত্র উৎসব হবে। 20তম বার্ষিকী উদযাপন হিসেবে, পুনরায় কল্পনা করা উৎসবে একেবারে নতুন দেখার অভিজ্ঞতার ব্যবস্থা করা হবে, যার মধ্যে রয়েছে পিয়ার 76 এবং ট্রিবেকা অ্যাট হোমের মতো স্থানে আউটডোর স্ক্রিনিং, চলচ্চিত্রের এক নতুন নির্বাচন যা কেবল অনলাইনে প্রদর্শিত হবে। উৎসবের শুরুর রাতে "ইন দ্য হাইটস" নামক চলচিত্রটি ওয়াশিংটন হাইটসের ইউনাইটেড প্যালেস থিয়েটারে এবং অন্যান্য সমস্ত আউটডোর ফেস্টিভ্যাল ভেন্যু জুড়ে একই সাথে প্রথমবার প্রদর্শন করা হবে। জন এম. চু টনি পুরষ্কার বিজয়ী মিউজিকালটির রুপালী পর্দার অভিযোজনটি পরিচালনা করেন, যা নিউ ইয়র্কের নিজস্ব লিন-ম্যানুয়েল মিরান্ডা দ্বারা নির্মিত এবং প্রযোজিত হয়।

"যখন আমাদের সংখ্যা ক্রমাগত হ্রাস পেতে থাকছে এবং আরও বেশি সংখ্যক নিউ ইয়র্কবাসী টিকা পাচ্ছেন, আমরা COVID-কে আমাদের পিছনে ফেলে দিয়ে নতুন স্বাভাবিক অবস্থায় ফিরে আসার জন্য উদগ্রীব," **গভর্নর কুওমো বলেন।** "নিউ ইয়র্ক স্টেট জুড়ে ইভেন্ট, ভেন্যু এবং ব্যবসাগুলি মহামারীর পরবর্তী বিশ্বের জন্য তারা কীভাবে কাজ করে তা পুনরায় চিত্রায়ন করছে, এবং ট্রিবেকা ফেস্টিভ্যালও এর ব্যতিক্রম নয়। এই বছর ট্রিবেকা ফেস্টিভ্যাল নিউ ইয়র্কবাসী এবং দর্শনার্থীদের জন্য বছরের সেরা চলচ্চিত্রগুলি প্রদর্শন করার জন্য নতুন, উত্তেজনাপূর্ণ উপায় প্রদান করবে এবং অনুষ্ঠিত হওয়া বহু উভেন্ট এবং অভিজ্ঞতা উপভোগ করবে, ঐতিহাসিক রেডিও সিটি মিউজিক হলে 100 শতাংশ ধারণ ক্ষমতাসম্পন্ন সম্পূর্ণ টিকাপ্রাপ্ত দর্শকদের নিয়ে তা চূড়ান্ত রুপ পাবে। এটি আমাদের রাজ্যে এবং আমাদের জাতির পুনরায় খোলার ক্ষেত্রে একটি বিশাল পদক্ষেপ যা বাকি বিশ্বকে জানাবে যে নিউ ইয়র্ক ফিরে এসেছে এবং আগের চেয়ে আরো ভালোভাবে।"

**ট্রিবেকা এন্টারপ্রাইজেস (Tribeca Enterprises) এবং ট্রিবেকা ফেস্টিভ্যালের সহ-প্রতিষ্ঠাতা এবং সিইও জেন রোসেন্থাল বলেছেন,** "আমাদের প্রতিষ্ঠাপক মিশন আজ আরও বেশি প্রাসঙ্গিক এবং আমরা নিশ্চিত করতে চেয়েছিলাম যে আমরা নিউ ইয়র্কের সমস্ত কোণে পৌঁছাতে পারি। ট্রিবেকা মানুষকে একত্রিত করার জন্য শুরু করা হয়েছিল, এবং এই বছর আমরা আবার এটাই করার লক্ষ্য নিয়েছি, পাঁচটি বোরো জুড়ে সম্প্রদায়গুলিকে সংযুক্ত করা এবং স্থানীয় ব্যবসাগুলিকে সমর্থন করার সাথে নিরাপদে আমাদের উৎসবের অভিজ্ঞতা শেয়ার করার জন্য।"

**MSG এন্টারটেইনমেন্টের (MSG Entertainment) নির্বাহী চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা জেমস ডোলান বলেন,** "রেডিও সিটি মিউজিক হল, বিনোদন শিল্প এবং নিউ ইয়র্ক সিটির জন্য এটি একটি গুরুত্বপূর্ণ মুহূর্ত এবং আমরা গভর্নর কুওমোর কাছে কৃতজ্ঞ তার নেতৃত্ব এবং এটি বাস্তবায়িত করার অঙ্গিকারের জন্য। ট্রিবেকা ফিল্ম ফেস্টিভ্যালে আমাদের মহান অংশীদারদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে, আমরা আত্মবিশ্বাসী যে আমরা যা একটি অত্যন্ত বিশিষ্ট এবং স্মরণীয় ইভেন্ট হবে, তাতে পূর্ণ সংখ্যক শ্রোতাদের স্বাগতম জানাতে পারবো - যা আমরা আশা করি অন্যদের অনুসরণ করার জন্য পথ প্রশস্ত করতে পারে।"

ট্রিবেকা ফেস্টিভ্যাল 9/11 এর পরিপ্রেক্ষিতে প্রতিষ্ঠিত হয়েছিল এই ধারণাকে ঘিরে যে শিল্পী এবং দুর্দান্ত গল্প বলা আশা জাগাতে পারে, পরিবর্তন আনতে পারে এবং কঠিন সময়ে সম্প্রদায়গুলিকে পুনরুজ্জীবিত করতে পারে। বিশ বছর পরে, ট্রিবেকার বার্তাটি আগের চেয়েও সত্য বলে মনে হয়, বিশেষ করে এক বছর পরে যাতে নিউ ইয়র্ক এবং বৃহত্তর বিশ্ব মহামারীর কারণে অভূতপূর্ব চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছিল।

2021 সালের ট্রিবেকা ফেস্টিভ্যাল ২৫০+ স্ক্রিনিং, আলোচনা এবং পারফরমেন্স স্প্রিং স্টুডিওতে মিক্সড রিয়েলিটি আর্কেডে পাঁচটি নিমজ্জমান সৃষ্টি; এবং পাঁচটি বোরোতেই প্রোগ্রামিং সহ একাধিক স্থান জুড়ে 12 দিনের এক অনুষ্ঠান হবে। ফেস্টিভ্যালে প্রথমবারের মতো একটি পডকাস্ট লাইনআপ ও তার সাথে চলচ্চিত্র পুনর্মিলন এবং বার্ষিকীর একটি সিরিজ দেখানো হবে। ফেস্টিভ্যালটি 100,000

জন অতিথির কাছে পৌঁছাবে বলে আশা করা হচ্ছে যারা 12 দিনের অনুষ্ঠানে অংশ নিতে পারবেন এবং আউটডোর ভেন্যুতে 200-টিরও বেশি স্ক্রিনিং সহ:

- দ্য ব্যাটারি, ম্যানহাটন
- ব্রুকফিল্ড প্লেসে ওয়াটারফ্রন্ট প্লেস, ম্যানহাটান
- হাডসন ইয়ার্ডস, ম্যানহাটন
- হাডসন রিভার পার্কে পিয়ার 76, ম্যানহাটান
- এম্পায়ার আউটলেটস, স্ট্যাটেন আইল্যান্ড
- মেট্রোটেক কমন্স, ব্রুকলিন

এছাড়াও, ফেস্টিভ্যালের বরো-টু-বরো প্রোগ্রামগুলি এই উৎসবকে সরাসরি নিউ ইয়র্ক সিটির আশেপাশের এলাকায় নিয়ে আসবে, যেখানে ভ্রাম্যমান 40 ফুট অত্যাধুনিক LED সিনেমা, দেশের প্রথম মোবাইল HD স্ক্রিন, যা সম্প্রদায়গুলিকে তাদের নিজের খুব নিকটের উৎসবের অভিজ্ঞতার সাথে সংযুক্ত করবে। বরো-টু-বরো ভেন্যুগুলির অবস্থানগুলির মধ্যে রয়েছে:

- কুইন্স - ফ্লাশিং মেডোজ করোনা পার্ক; রকওয়ে বিচ; অ্যাস্টোরিয়া পার্ক
- দ্য ব্রঙ্কস - ভ্যান কোর্টল্যান্ড; সাউন্ডভিউ পার্ক; ওয়াল্টার গ্ল্যাডউইন পার্ক
- ব্রুকলিন - মেরিন পার্ক

ট্রিবেকা বিভিন্ন আকারে শিল্পী, চলচ্চিত্র নির্মাতা এবং নির্মাতাদের সমর্থন করার জন্য উৎসর্গীকৃত। শুরু থেকেই ট্রিবেকা উদীয়মান এবং প্রতিষ্ঠিত প্রতিভা উভয়কেই তুলে ধরেছে, নির্বাচিত উদ্ভাবনী অভিজ্ঞতা তৈরি করেছে এবং প্রিমিয়ার, প্রদর্শনী, আলোচনা এবং লাইভ পারফরম্যান্সের মাধ্যমে নতুন প্রযুক্তি এবং ধারণা প্রবর্তন করেছে। ট্রিবেকা সম্পর্কে আরও তথ্যের জন্য এবং টিকিট কেনার জন্য, দয়া করে www.tribecafilm.com এ যান।

আজকের ঘোষণাটি গভর্নর কুওমোর সাম্প্রতিক পদক্ষেপের উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে যাতে টিকাদানে উল্লেখযোগ্য অগ্রগতি এবং COVID-19 আক্রান্ত এবং হাসপাতালে ভর্তিতে ক্রমাগত হ্রাসের কারণে অর্থনীতিকে আরো ভালোভাবে পুনরায় চালু করা যায়। গতকাল পর্যন্ত, নিউ ইয়র্কের প্রাপ্তবয়স্কদের মধ্যে 62 শতাংশ অন্তত একটি টিকার ডোজ পেয়েছেন এবং 52 শতাংশ তাদের টিকার সিরিজ সম্পূর্ণ করেছেন।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন